

Visit of Wendy Sherman, Deputy Secretary of State of the United States of America to India (October 05-07, 2021)

October 07, 2021

আমেরিকার ডেপুটি সেক্রেটারি অফ স্টেট মাননীয়া ওয়েন্ডি শেরম্যানের ভারত সফর (অক্টোবর 5-7,2021)

অক্টোবর 7,2021

ইউএস ডেপুটি সেক্রেটারি অব স্টেট মাননীয়া ওয়েন্ডি শেরম্যান 5-7 অক্টোবর 2021 ভারত সফরে এসেছিলেন।

প্রধানমন্ত্রীর সাম্প্রতিক ইউএসএ সফরকে অনুসরণ করে এই সফর প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সাথে প্রেসিডেন্ট যোসেফ আর বাইডেনের বৈঠক এবং কোয়াড নেতাদের সাথেও শীর্ষ স্তরের খতিয়ান নেবার চমৎকার সুযোগ এনে দিয়েছে।

দিল্লিতে ডেপুটি সেক্রেটারি মাননীয়া শেরম্যান পররাষ্ট্রমন্ত্রী, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা এবং পররাষ্ট্র সচিবের সাথে সাক্ষাৎ করেন। মুম্বাইয়ে তিনি ব্যবসা সংক্রান্ত আদানপ্রদান করেন। তিনি ওয়েস্টার্ন ন্যাভাল কম্যান্ড পরিদর্শন করেন এবং ভাইস অ্যাডমিরাল আর হরিকুমার ও ফ্ল্যাগ অফিসার কম্যান্ডিং ইন চিফের সাথে সাক্ষাৎ করেন।

তাদের আলোচনায় ডেপুটি সেক্রেটারি অফ স্টেট মাননীয়া শেরম্যান এবং পররাষ্ট্রসচিব শ্রী হর্ষ বর্ধন শ্রিংলা ইন্দো- ইউএস কম্প্রহেন্সিভ গ্লোবাল স্ট্র্যাটেজিক পার্টনারশিপ নিয়ে চলতে থাকা সহযোগিতার বিষয়ে পর্যালোচনা করেছেন এবং দুই নেতা যে ভবিষ্যতমুখী অ্যাজেন্ডা স্থির করেছিলেন তার প্রতি অঙ্গীকারের কথা পুনরায় ব্যক্ত করেছেন।

ডেপুটি সেক্রেটারি মাননীয়া শেরম্যান ভারতের বিশ্বের দরবারে পৌঁছে যাওয়ার এবং অতিমারির সময় ভারত যে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছিল তার প্রশংসা করেছেন। কোয়াডের ভ্যাকসিন অংশীদারত্বের মাধ্যমে যাতে ভাআরাতা-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে ভ্যাকসিন সহজলভ্য হয় তার প্রতি এবং যোগানের স্থিতিস্থাপকতা বজায় রাখা ও আর্ন্তজাতিক ভ্রমণকে সহজতর করে তোলার প্রতি উভয়পক্ষই দৃষ্টি নিবদ্ধ করেছেন। আবহাওয়া, ক্লিন এনার্জি, ও নতুন প্রযুক্তির মত বিষয়ে সহযোগিতা নিয়েও দুই পক্ষ আলোচনা করেছেন।

আলোচনায় আফগানিস্তানের সাম্প্রতিক ঘটনাবলী সহ দক্ষিণ পূর্ব এশিয়ার বর্তমান অবস্থা, বহির্দেশীয় সন্ত্রাসবাদ রোধের প্রয়োজনীয়তা এবং ইউএনএসসি-র রেজোলুশন 2593 -র মাধ্যমে শান্তি ও স্থিতিবস্থা বজায় রাখা নিশ্চিত করার মত বিষয় অগ্রাধিকার পেয়েছে। উভয় পক্ষই নিয়মিত

কথাবার্তা চালাবে এবং এই অঞ্চল সম্পর্কিত বিষয়সমূহ নিয়ে আলোচনা করা বজায় রাখবে।

উভয়েই ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল সহ বিভিন্ন বিষয় নিয়ে মুক্ত এবং খোলামনে আলোচনা করার গুরুত্ব নিয়ে মত বিনিময় করেছে এবং দুই দেশের নেতারা তাদের মধ্যে অনুষ্ঠিত শীর্ষ সভায় যে ঘোষণা করেছিলেন সেই অনুযায়ী কোয়ার্ডের পজিটিভ ও গঠনমূলক উদ্যোগগুলিকে বাস্তবায়িত করার প্রতি অঙ্গীকার পুনরায় নিশ্চিত করেছে।

ডেপুটি সেক্রেটারি মাননীয় শেরম্যান এবং পররাষ্ট্র সচিব ইউএস- ইন্ডিয়া বিজনেস কাউন্সিল আয়োজিত ইন্ডিয়া আইডিয়াজ সামিটের বিশেষ অধিবেশনে অংশগ্রহণ করেছেন।

বিভিন্ন প্রকার ডায়ালগ মেকানিজম লিপিবদ্ধ করা হয়েছে যাতে অদূর ভবিষ্যতে বাণিজ্য ও বিনিয়োগ, প্রতিরক্ষা, নিরাপত্তা, এবং সন্ত্রাসবাদ বিরোধিতা এবং জনগনের সাথে জনগনের যোগাযোগ স্থাপন করার মত ক্ষেত্রগুলিতে দুই দেশের মধ্যে সহযোগিতা গভীরতর করার লক্ষ্যে ব্যবস্থা নেওয়া যায়।

অগ্রণী গণতন্ত্র হিসেবে, উভয় দেশ তাদের ভাগ করে নেওয়া মূল্যবোধকে তৈরি করতে এবং অভিন্ন স্বার্থের আঞ্চলিক ও বৈশ্বিক বিষয়গুলিতে সম্পর্কের গतिकে স্বরাস্থিত করার চেষ্টা করে।

নিউ দিল্লি

অক্টোবর 07, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.